দৈনিক সংবাদ

তারিখ 06 MAR 1996
পৃষ্ঠা ... কলাম ...

# নবম শ্রেণীর পাঠ্যবই বাজারে আসছে ১২ই মার্চ

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ টেক্সট বুক বোর্ড নতুন সিলেবাসের নবম শ্রেণীর পাঠ্যবই আগামী ১২ই মার্চে বাজারে ছাড়বে। ১২ই মার্চের পর প্রধান প্রধান পাঠ্যবই ছাত্রছাত্রীরা বাজার থেকে কিনতে পারবে। মার্চের মাঝামাঝি সময়ে অন্যান্য বইও বাজারে দেয়া হবে বলে জানা যায়। বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি গতকাল মঙ্গলবার জানিয়েছে, দেশের সার্বিক পরিস্থিতির কারণে তারা পাঠ্যবই মুদ্রণের কাজ সম্পন্ন করতে পারেনি। তবে নবম শ্রেণীর ইংরেজি ও বাংলা বই ইতিমধ্যে বাজারজাত করা হয়েছে। ষষ্ঠ শ্রেণীর পাঠ্যবইও বাজারে দেয়া হয়েছে।

বোর্ড সূত্র জানায়, সারাদেশে নবম শ্রেণীর প্রায় ৬ লাখ ছাত্রছাত্রী রয়েছে। তাই প্রতি বিষয়ে ৮ লাখের মতো পাঠ্যবই ছাপানো হচ্ছে।